তারিখ ..07.MAR.2015...
পৃষ্ঠা ...১৬...

কালের কণ্ঠ

# ইডেন কলেজের হোস্টেল ঝুঁকিমুক্ত

নিজস্ব প্রতিবেদক ▷

ইডেন কলেজের শেখ ফজিলাতুননেসা হোস্টেলকে ঝুঁকিমুক্ত ঘোষণা করা হয়েছে। কলেজের অধ্যক্ষ অধ্যাপক হোসনে আরা গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় জানান, এ-সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটি দুপুরে তাদের প্রতিবেদন দিয়েছে। এতে বলা হয়েছে হোস্টেলটি বসবাসের উপযোগী। কোনো ঝুঁকি নেই। তাই সন্ধ্যা থেকে ছাত্রীদের হোস্টেলে তুলে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত শনি ও রবিবারে ভূমিকম্পের পর হোস্টেলটির ১০ ও ১১ তলায় ফাটল দেখা যায়। এতে ছাত্রীদের মধ্যে আতঙ্ক দেখা দিলে কর্তৃপক্ষ হোস্টেলটি বন্ধ ঘোষণা করেছিল।